



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং-টাশিবো/বি/১০৬/নার/ ২০৮৬

বিষয় : মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

তারিখ :



২৫/০৯/২২

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ১৮/০৭/২০২২ তারিখের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০০২.২০২২.১৮১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, নারায়ণগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জ উপজেলাধীন হাজী শামসুদ্দিন উচ্চ বিদ্যালয় কে ০১/০১/২০২২ ইং হইতে ৩১/১২/২০২৪ তারিখ পর্যন্ত মোট ৩ (তিন) বছরের জন্য নিম্নবর্ণিত শর্ত আরোপ করে মাধ্যমিক পর্যায়ে মানবিক বিভাগে একাডেমিক স্বীকৃতির প্রদান করা হলো। বিদ্যালয়ে জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচি ও কেবলমাত্র বোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত বিষয়সমূহ পাঠদান করতে হবে এবং প্রদত্ত মেয়াদকালের মধ্যে পরবর্তী স্বীকৃতি নবায়নের জন্য ফি জমাসহ আবেদন পেশ ও আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে।

শর্তসমূহ :

- এ অস্থায়ী স্বীকৃতি প্রদানের ফলে সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাবে না।
- পরিবেশিত যে কোন তথ্য ভুল বা মিথ্যা প্রমাণিত হলে অস্থায়ী স্বীকৃতি প্রত্যাহার করা হবে।
- বিদ্যালয়ের শিক্ষারমান উন্নয়নের জন্য শিক্ষকে পাঠভিত্তিক পাঠপরিচালনা প্রস্তুত করে শ্রেণী কক্ষে পাঠদান দিতে হবে।
- বিদ্যালয়ের লেখা-পড়ার পাশাপাশি সহ-পাঠ্যক্রমিক কার্যক্রম (বার্ষিক ক্রীড়ানুষ্ঠান, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক অনুষ্ঠান) পরিচালনা করতে হবে।
- জেএসসি পরীক্ষায় কমপক্ষে ৭০% পরীক্ষার্থী উত্তীর্ণ হতে হবে।
- বিদ্যালয়ের চারিপার্শ্বে মূল্যবান ফলজ ও বনজ বৃক্ষ রোপন করে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে।
- সরকারী নীতিমালা অনুযায়ী (নিবন্ধনকৃত) শিক্ষক/শিক্ষিকা নিয়োগ থাকতে হবে এবং প্যাটার্ন বহির্ভূত কোন শিক্ষক/শিক্ষিকা নিয়োগ করা যাবে না।
- বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
- বোর্ডের পরামর্শক্রমে আগামী ৬ (ছয়) মাসের মধ্যে বিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট উন্নয়ন করতে হবে।
- বিদ্যালয়ে নিয়োগকৃত ও ভবিষ্যতে নিয়োগযোগ্য জনবলের বেতন-ভাতাদি নিজস্ব তহবিল হতে বহন করতে হবে।
- স্বতন্ত্র গ্রন্থাগারসহ মুক্তিযুদ্ধ ও বাংলাদেশের উপর কমপক্ষে ১০০০ (এক হাজার) বই থাকতে হবে।
- বিদ্যালয়ের দৃশ্যমান একটি কক্ষে মুজিব কর্নার স্থাপন করতে হবে।
- নীতিমালা অনুযায়ী সঠিক পরিমাণ জমি থাকতে হবে এবং ০১ (এক) বছরের মধ্যে নিজস্ব জমিতে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ করতে হবে।
- ব্যক্তি নামে নামকরণের ক্ষেত্রে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা যৌথ নামে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রাধান/ ম্যানেজিং কমিটি/ গভর্নিং বডি/ সভাপতি/ জেলা শিক্ষা অফিসার প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলের জমাদানের প্রমাণক দাখিল করতে হবে। এবং উক্ত টাকা জেলা শিক্ষা অফিসার/ সভাপতি / ও প্রধান শিক্ষকের যৌথ স্বাক্ষরে উত্তোলন করা যাবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বা:

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক : প্রধান শিক্ষক

হাজী শামসুদ্দিন উচ্চ বিদ্যালয়

পো : পাইনাদী, উপজেলা :- সিদ্ধিরগঞ্জ

জেলা :- নারায়ণগঞ্জ।

মেমো নং- ২০৮৬(৯)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, বেনবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
- ৫। জেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।
- ৭। হাজী শামসুদ্দিন উচ্চ বিদ্যালয়, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।
- ৮। পি.এস.টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা।
- ৯। অফিস কপি।

তারিখ : ২৫/০৯/২২